

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

প্রশাসন শাখা (সেবা)

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[www.mos.gov.bd](http://www.mos.gov.bd)

বিষয়: জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় এবং অধীন সকল দপ্তর/সংস্থার কর্মসূচি চূড়ান্তকরণ ও প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মোস্তফা কামাল  
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।  
তারিখ : ১৭-০৭-২০২২  
সময় : বিকাল ৪.০০ টা  
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ  
সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভার প্রারম্ভে সভাপতি সভাকক্ষে উপস্থিত এবং জুম অ্যাপের মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানান। শুরুতেই তিনি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি যথাযথ সম্মান ও ভাবগম্ভীর্যের সাথে আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুসরণে বিস্তারিত কর্মসূচি গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

২। সভাপতির আহবানে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি সম্পর্কে বিভিন্ন দপ্তর/সংস্থার প্রধানগণ আলোচনাঃ অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার নৌপরিবহন মন্ত্রণালয়ের এবং অধীন সকল দপ্তর/সংস্থায় জাতীয় পতাকা অর্ধনমিত রাখা।	সকল দপ্তর/সংস্থা।
২।	১৫ আগস্ট ২০২২ তারিখ সকাল ৭.৩০ টায় জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা।	নৌপরিবহন মন্ত্রণালয়। সকল দপ্তর/সংস্থা।
৩।	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বরণকে শ্রদ্ধা জানাতে নৌপরিবহন মন্ত্রণালয় এবং অধীনস্থ সকল দপ্তর/সংস্থায় কর্মরত সকলে আগস্ট/২০২২ মাসব্যাপী কালো ব্যাজ পরিধান করা।	নৌপরিবহন মন্ত্রণালয়। সকল দপ্তর/সংস্থা।
৪।	দিবসটি পালনের জন্য অধীনস্থ সংস্থাসমূহের শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ জাতীয় কর্মসূচির আলোকে ভার্টুয়াল প্ল্যাটফর্ম ব্যবহার করে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন।	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা।
৫।	সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওয়াতাধীন দপ্তর/সংস্থার মসজিদসমূহে বাদ যোহর বা সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত ও দোয়া প্রার্থনা।	সকল দপ্তর/সংস্থা।
৬।	মন্ত্রণালয় এবং অধীনস্থ সংস্থাসমূহে সুবিধাজনক স্থানে প্রচারণামূলক ব্যানার, ফেস্টুন এবং ডিজিটাল ডিসপ্লে স্থাপন।	সকল দপ্তর/সংস্থা।
৭।	জাতীয় শোক দিবসের তাৎপর্যকে ধারণ করে বৃক্ষ রোপন কর্মসূচি আয়োজন।	সকল দপ্তর/সংস্থা।
৮।	আগামী ১০ আগস্ট, ২০২২ তারিখ রোজ বুধবার বেলা ৩.০০ ঘটিকায় একটি ফলো-আপ সভা আয়োজন।	নৌপরিবহন মন্ত্রণালয়।

৯।	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ঘোষিত কর্মসূচির সাথে সমন্বয় রেখে নৌপরিবহন মন্ত্রণালয় এবং অধীনস্থ সকল দপ্তর/স্বংস্থাসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন।	নৌপরিবহন মন্ত্রণালয়। সকল দপ্তর/সংস্থা।
১০।	সকল দপ্তর/সংস্থা নিজ নিজ কর্মসূচি আগামী ২৮ জুলাই ২০২২ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং আগস্ট ২০২২ এর প্রথম সপ্তাহে ফলো আপ সভা করবে।	সকল দপ্তর/সংস্থা।
১১।	নৌপরিবহন মন্ত্রণালয়ের পক্ষ হতে ১৫-০৮-২০২২ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)‘র মুক্তিযোদ্ধা স্মৃতি মিলনায়তনে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়ার আয়োজন।	নৌপরিবহন মন্ত্রণালয় বিআইডব্লিউটিএ

০৩। সভাপতি যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর্যের সাথে জাতীয় শোক দিবস পালনের অনুরোধ জানান। দিবস পালকালে যথাযথ স্বাস্থ্যবিধি এবং সামাজিক দূরত্ব সতর্কতার সাথে মেনে চলার জন্যও তিনি পরামর্শ প্রদান করেন। এছাড়া জাতীয় শোক দিবস উপলক্ষে আগামী ০১-১৫, আগস্ট, ২০২২ পর্যন্ত সকলকে কালো ব্যাচ ধারণ ও অপ্রয়োজনীয় অনুষ্ঠান/উৎসব না করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০৪। সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

১৮/০৭/২০২২

মোঃ মোস্তফা কামাল

সচিব

তারিখ: ১৯.০৭.২০২২ খ্রি:

নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০১.২২- ৩৭২  
বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। অতিরিক্ত সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, জানরক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/চবক/মোবক/পাবক/বাস্থবক।
- ৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৫। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম/বরিশাল/পাবনা/রংপুর/সিলেট।
- ৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
- ৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
- ১০। সিনিয়র সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সহকারী সচিব (সকল) নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

✓ ৩। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৯/৭/২০২২  
এস. এম হুমায়ুন কবির সরকার  
উপসচিব(প্রশাসন)  
ফোন: ০২-৫৫১০০৯৩৬